পাবনায় আ.লীগ-বিএনপির সংঘর্ষ, পরিস্থিতি নিয়ন্ত্রণে হিমশিম পুলিশ



ছবি: সংগৃহীত

পাবনার বেড়ায় নিষিদ্ধ আওয়ামী লীগ ও বিএনপির নেতাকর্মী-সমর্থকদের মধ্যে নতুন করে সংঘর্ষের ঘটনা ঘটেছে। শনিবার (২১ নভেম্বর) দুপুরে শুরু হওয়া এ সংঘর্ষ বিকেল পর্যন্ত চলছিল। পরিস্থিতি সামাল দিতে পুলিশ ঘটনাস্থলে থাকলেও সংঘর্ষ থামাতে বেগ পেতে হচ্ছে। এতে স্থানীয়দের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়েছে।

স্থানীয় সূত্রে জানা গেছে, উপজেলার বৃশালিখা এলাকার আওয়ামী লীগ এবং সওদাগরপাড়া এলাকার বিএনপি-সমর্থকদের মধ্যে এ সংঘর্ষ চলছে। এর আগে, দুদিন আগে বেড়া থানার সামনে আওয়ামী লীগের একটি বিক্ষোভ মিছিলকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে। ওই ঘটনার পর দুর্বৃত্তরা সাবেক ডেপুটি স্পিকার অ্যাডভোকেট শামসুল হক টুকুর বাড়িতে আগুন দেয়। পরে বিএনপি ও আওয়ামী লীগ-সমর্থকদের অন্তত পাঁচ থেকে সাতটি বাড়িতে অগ্নিসংযোগ ও ভাঙচুরের ঘটনা ঘটে।

এসব ঘটনার পর থেকেই এলাকায় দুই পক্ষের মধ্যে উত্তেজনা চলছিল। এরই মধ্যে শনিবার দুপুরে আবারও সংঘর্ষে জড়ান উভয় পক্ষের লোকজন। সময় বাড়ার সঙ্গে সঙ্গে পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে ওঠে। সংঘর্ষের কারণে সাধারণ মানুষ ও ব্যবসায়ীদের মধ্যে আতঙ্ক দেখা দিয়েছে।

পাবনার পুলিশ সুপার আবু আশরাফ বলেন, পুলিশ ঘটনাস্থলে রয়েছে। পরিস্থিতি মোকাবিলায় কাজ চলছে।